# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ তথ্য অধিকার (RTI) আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ৩১/০৫/২০২২ খ্রিঃ, বৃহস্পতিবার |
| সভার সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে বলেন, সরকারি দপ্তরে সেবা পাওয়ার জন্য প্রয়োজন অফিসের কার্যাবলী সম্পর্কে জানা। তথ্য পাওয়ার জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন করেছে। তথ্যে নাগরিকের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইন সম্পর্কে সম্যক ধারণা লাভের কোনো বিকল্প নেই। তিনি বলেন, আমাদের প্রশাসনিক সংস্কৃতিতে গোপনীয়তা রক্ষার চর্চা এখনও রয়ে গেছে। গোপনীয়তার সংস্কৃতি থেকে বেরিয়ে এসে আমাদেরকে জনগণের সেবা করতে হবে। অত:পর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান। সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। ট্রাস্টের সচিব (উপসচিব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা তথ্য অধিকার সম্পর্কে বলেন, সমাজে গণতন্ত্র প্রতিষ্ঠার পূর্বশর্ত হচ্ছে তথ্য অধিকার। সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি হ্রাস করার লক্ষ্যে তথ্য অধিকার আইন-২০০৯ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তথ্য অধিকার আইনের দ্বারা সাধারণ জনগণ ক্ষমতায়িত হবে এবং এটি রাষ্ট্রের কাছ থেকে নিয়ন্ত্রণের চাবি জনগণের নিকট পৌঁছে দিবে। তথ্য অধিকার আইনকে সফলভাবে বাস্তবায়ন ও অংশীজনের (Stakeholders) সচেতনতা বৃদ্ধির জন্য তথ্য অধিকার আইন অবহিত করা একান্ত জরুরি। তিনি আরও জানান, প্রকাশযোগ্য তথ্য এ ট্রাস্টের ওয়েবসাইটে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। ট্রাস্টে তথ্য প্রদানের জন্য একজন তথ্য কর্মকর্তা নিযুক্ত রয়েছেন। তার নিকট আবেদন করলে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা হচ্ছে। অত:পর তিনি সভায় উপস্থিত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা/প্রজন্মদেরকে বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

চলমান পাতা-০২

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আমির হোসেন মোল্লা বলেন, তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সর্ম্পকে অংশীজনদের (Stakeholders) নিয়ে অবহিতকরণ আজকের এ সভায় তথ্য অধিকার বিষয়ে বিস্তারিত জানতে পেরে তাঁরা সমৃদ্ধ হয়েছেন। তিনি বলেন, জনগণের অধিকার প্রতিষ্ঠায় এ আইন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০৪। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল মাজেদ বলেন, তথ্য অধিকার আইন বিষয়ে আইন হয়েছে সেটা জানতাম, কিন্তু কি কি তথ্য চাওয়া যাবে না বা চাইলেই সকল তথ্য পাওয়া যাবে কিনা তা জানা ছিল না। আজকের এ সভায় সেটি জেনে উপকৃত হয়েছি। তিনি এ ধরণের সভা আহবান করে তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে বীর মুক্তিযোদ্ধাদের অবহিত করায় ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালককে ধন্যবাদ জানান।

০৫। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী সুবিধাভোগীদের তথ্য প্রদান নিশ্চিত করতে হবে;

(খ) তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রচার কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখতে হবে;

(গ) স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য সময়ে সময়ে ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৬। পরিশেষে তথ্য অধিকার আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
তথ্য প্রদান সংক্রান্ত আপিল কর্মকর্তা

চলমান পাতা-০৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১- ৭৫৫

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৯ ব: / ০৫ জুন ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(০১) জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

(০২) জনাব ছালেহ আহমেদ, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

(০৩) জনাব আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

(০৩) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

(০৪) জনাব ফয়েজ আহমেদ খান, বেসিক কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

(০৫) জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

(০৯) জনাব ..........................................................................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। যুগ্মসচিব (উন্নয়ন) ও তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪। অফিস কপি/গার্ড ফাই

(মোঃ সিরাজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা